

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থ বিভাগ
উন্নয়ন অনুবিভাগ, শাখা-৩

নং : অম/অবি/উঃ-৩/পউবো-১৬/৯৮(অংশ-১)/২৭৪

তারিখ : ১৯/০৬/২০০০ইং

বিষয় : উন্নয়ন প্রকল্পের আওতায় লোকবল নিয়োগ ও বেতন প্রদান প্রসংগে।

অর্থ বিভাগের স্মারক নং অম/অবি/উঃ-১/বিবিধ-৫২/৯৬/৩২০ তারিখ ০৩/০৭/১৯৯৭ইং, সংস্থাপন মন্ত্রণালয়ের স্মারক নং সম/সওব্য/টিম-৪(২) উঃ প্রঃ নিঃ/৪৭/৯৭/-১৮৮ তারিখ ২১/০৮/১৯৯৭ইং এবং পরিকল্পনা মন্ত্রণালয়ের স্মারক নং পরি/সমস্বয়-২/১৫/৯৪/২২৯ তারিখ ১০/০৬/১৯৯৯ইং এর মাধ্যমে ১লা জুলাই ১৯৯৭ইং থেকে চালুকৃত প্রকল্পের (দ্বিতীয় বা তৃতীয় পর্যায়ের প্রকল্পসহ) লোকবল নিয়োগ এবং সাকুল্য (Consolidated pay) বেতন প্রদানের বিধি ও পদ্ধতি প্রবর্তন করা হয়েছে।

২। উপর্যুক্ত বিধির ব্যত্যয় ঘটিয়ে কোন কোন ক্ষেত্রে প্রকল্প দলিলে কেবল ভিত্তিক লোক নিয়োগের ব্যবস্থা অন্তর্ভুক্ত করা হচ্ছে। উপরে অনুচ্ছেদ নং-১ -এ উল্লেখিত স্মারকসমূহ অনুসারে ১লা জুলাই, ১৯৯৭ইং থেকে চালু সকল প্রকল্পের (দ্বিতীয় বা তৃতীয় পর্যায়ের প্রকল্পসহ) লোকবল নিয়োগ ও সাকুল্য বেতন প্রদানের বিষয়টি নিশ্চিত করার অনুরোধ করা হল।

স্বাক্ষর/-

শেখ, এ, কে, মোতাহার হোসেন
উপ সচিব (উন্নয়ন-১)

বিতরণ :

১. সচিব,
..... মন্ত্রণালয়, ঢাকা।
২. মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশ।
৩. হিসাব মহানিয়ন্ত্রক।
৪. উন্নয়ন অনুবিভাগের সকল কর্মকর্তা।